

১০ মে, ২০২০

বিষয়: বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক আয়োজিত ‘Art Against Corona’ শীর্ষক কর্মসূচি এবং
“২২তম নবীণ শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০” এ অংশগ্রহণ।

সুপ্রিয় শিল্পবন্ধু,


বাংলাদেশের চারুশিল্প বিকাশে আপনার যাত্রাকে অভিনন্দন জানাই। বাংলাদেশের শিল্পীরা সকল জাতীয় আন্দোলনে, গণজাগরণে এবং সকল দুর্যোগকালীন অনন্য ভূমিকা পালন করে আসছে। করোনা ভাইরাস জনিত সংকটে আমাদের প্রাণপ্রিয় বাংলাদেশ সহ সারা বিশ্ব আজ বিপর্যস্ত। বাংলাদেশ শিল্পকলা একাডেমি বাংলাদেশের সকল শিল্পের শিল্পীদের সুরক্ষা, কর্মহীন শিল্পীদের পাশে দাঁড়ানো, জাতির মনোবল সুদৃঢ় করা, দেশের সকল মানুষকে সচেতন ও দায়িত্বশীল করার অভিপ্রায় সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সংবেদনশীল করার নিমিত্ত দেশের সকল শিল্পের শিল্পীদের নিয়ে ‘Art Against Corona’ শীর্ষক সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলার প্রত্যয় নিয়ে কাজ করছে। ইতোমধ্যে দেশব্যাপী কবিতা, চলচ্চিত্র, অভিনয়, সংগীত, যন্ত্রসংগীত, নৃত্য ইত্যাদি মাধ্যমের শিল্পীবৃন্দ এই আয়োজনের সাথে সম্পৃক্ত হয়ে কাজ শুরু করেছে। আমাদের অনুপ্রেরণা মানবতার জননী দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এই আন্দোলনের সহযোদ্ধা হিসেবে আমরা আপনার কাছ থেকে একটি শিল্পকর্ম কামনা করি। শিল্পকর্মটি দুর্যোগকালীন অনলাইনে বিক্রি করে প্রাথমিকভাবে কর্মহীন হয়ে পড়া চারুশিল্পীদের পাশে দাঁড়ানোর ব্যবস্থা করা হবে। শিল্পকর্মের ডিজিটাল ছবি দিয়ে পরবর্তীকালে একটি ক্যাটালগ প্রকাশ এবং শিল্পকর্ম নিয়ে একটি প্রদর্শনী আয়োজন করা হবে। আপনার শিল্পকর্মটি যথাশীঘ্র সম্ভব নির্মাণপূর্বক শিল্পকর্মের সফটকপি ইমেজ mostak303@gmail.com (whatsapp) এ প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। আপনার এই অবদান করোনা যুদ্ধের মহান শিল্পসৈনিক হিসেবে জাতি নিশ্চয়ই অভিনন্দিত করবে।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ বছর সেপ্টেম্বরে “২২তম নবীণ শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০” আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত প্রদর্শনীতে অংশগ্রহণের নিমিত্ত প্রস্তুতি গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো যাচ্ছে।

“২২তম নবীণ শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০” এর নীতিমালা ও নিবন্ধণ ফরমের সফটকপি www.shilpakala.gov.bd থেকে এবং হার্ডকপি বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগ থেকে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে ০১৭১২৩৭১৪৩৮; ০১৯১৪৮৫৪৮১২; ০১৫৫২৩১৩৭৬১।

ধন্যবাদান্তে



লিয়াকত আলী লাকী

মহাপরিচালক

বাংলাদেশ শিল্পকলা একাডেমি